দৈনিক বাংলা

তারিখ : 19 JUN 1986
পৃষ্ঠা ... ১ কলাম ... ৩

063

# এইচএসসি পরীক্ষা আজ শুরু : ২ লাখ ৮৬ হাজার পরীক্ষার্থী

(স্টাফ রিপোর্টার)

দেশের চারটি শিক্ষা বোর্ডের ১৯৮৬ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা আজ বৃহস্পতিবার শুরু হচ্ছে। সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের যাবতীয় প্রস্তুতি ইতিমধ্যে সম্পন্ন হয়েছে।

এ বছর সারা দেশে মোট ২ লাখ ৮৫ হাজার ৯৯৭ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নিচ্ছে। মোট ৪৭২টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এছাড়া বিদেশে যারা পরীক্ষা দেবে তাদের জন্যে দেশের বাইরে ৭টি কেন্দ্র খোলা হয়েছে। কেন্দ্রগুলো হচ্ছে লন্ডন, রিয়াদ, বাহ-

৩-এর পৃঃ দঃ

## পরীক্ষার্থী

১-এর পৃঃ পর

রাইন, দুবাই, করাচী, কলম্বো ও ব্যাংককে। ঢাকা বোর্ডের অধীনে মোট পরীক্ষা কেন্দ্র হচ্ছে ১৩৮টি।

এবার ঢাকা বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা সবচেয়ে বেশি। এ বোর্ডের অধীনে মোট পরীক্ষার্থী হচ্ছে ৮৫ হাজার ৮৩ জন। অন্যান্য বোর্ডের মধ্যে যশোর বোর্ডে ৮০ হাজার ৪৭৪ জন, রাজশাহী বোর্ডে ৬৩ হাজার ৭৬ জন এবং কুমিল্লা বোর্ডে ৫৭ হাজার ৩৬২ জন পরীক্ষার্থী রয়েছে। মোট পরীক্ষার্থীর মধ্যে ২ লাখ ১৭ হাজার ৮১৭ জন ছাত্র এবং ৬৮ হাজার ১৮০ জন ছাত্রী। এবার পরীক্ষার্থীর সংখ্যা গত বছর থেকে প্রায় দ্বিগুণ। গত বছর চারটি বোর্ডের অধীনে মোট ১ লাখ ৮৬ হাজার ৯৫৫ জন ছাত্রছাত্রী এইচএসসি পরীক্ষা দেয়।

এইচএসসি পরীক্ষার প্রথম দিনে আজ বাংলা পরীক্ষা অনুষ্ঠিত হবে।